ঈদে নানা আয়োজন



ঈদে চ্যানেল আইতে ওয়ার্ল্ড প্রিমিয়ার হবে মেহের নেগার ছবিটির। এই ছবির একটি দৃশ্যে মৌসুমী ও ফেরদৌস

ঈদ মানে আনন্দ। তাই তো ঈদকে কেন্দ্র করে দুঃখ-বেদনা বা মান-অভিমান ভুলে চলে আসে একে অপরের কাছাকাছি। অতীতের সব গ্লানি ভুলে ভাগাভাগি করে নেয় ঈদের আনন্দ। ঈদের দিনটিকে আরো আনন্দঘন করতে মিডিয়া বরাবরই রাখছে বড় ধরনের ভূমিকা। এরই ধারাবাহিকতায় প্রিন্ট মিডিয়া যেমন পাঠকের জন্য ঈদকে সামনে রেখে বের করেছে বিশেষ সংখ্যা তেমনি ইলেক্ট্রিনিক মিডিয়াও আয়োজন করছে বিশেষ অনুষ্ঠানমালার।

ঈদকে কেন্দ্র করে টিভি চ্যানেলগুলো আয়োজন করেছে ৫ থেকে ৬ দিনের অনুষ্ঠানমালার। তবে স্বাধীন চেতার মনোভাব নিয়ে যখন প্রাইভেট টিভি চ্যানেলগুলো যাচ্ছে এগিয়ে ঠিক এই মুহূর্তে সরকারের নিয়ন্ত্রণে চাটুকার বাহিনী দিয়ে পরিচালিত বিটিভি এখনও মালিকদের হুকুমের অপেক্ষায়। সরকারি দলের প্রভাবশালী নেতা বা মন্ত্রীদের ইঙ্গিতের অপেক্ষায় রয়েছে পথ চেয়ে। তাদের ইঙ্গিত পেলেই ঈদে কাদের অনুষ্ঠান যাবে সে সিদ্ধান্ত হবে চূড়ান্ত।

দেশের সম্ভাবনাময় অডিও শিল্পও যখন সরকারের অজ্ঞতায় অবহেলিত। এ অবস্থায় সরকারের প্রভাবশালী মহলের সহায়তায় দাদাদের নিয়ে সঙ্গীতের মান বৃদ্ধির নামে টাকা কামিয়ে নেয়া যা সৃষ্টি হয়েছে নয়া কালচার। এতো প্রতিবন্ধকতার মধ্যেও অডিও প্রতিষ্ঠান ঈদকে সামনে রেখে বাজারে ছেড়েছে নতুন নতুন অডিও অ্যালবাম।

দেশের দর্শকের বিনোদনের একমাত্র মাধ্যম ছিল সিনেমা। সেই সিনেমাতেও দাদাদের পদচারণায় আর তাদের ছবি দেখে উৎসাহিত হয়ে তা তলিয়ে যেতে বসেছে কালের গর্ভে। তবুও এ শিল্প টিকে আছে মাঝে মধ্যে দু-একজনের ভালো ছবি নির্মাণের কল্যাণে।

ঈদকে কেন্দ্র করে আগে যেখানে মুক্তি দেয়া হতো ৩০ থেকে ৪০টির মতো ছবি এখন তার সংখ্যা গুটি কয়েক। তবুও ঈদকে সামনে রেখে এবারও মুক্তি পাচ্ছে কয়েকটি ছবি।

বাংলাদেশ বেতারের কথা তো শ্রোতারা ভুলতেই বসেছে। আগে বাংলাদেশ বেতারের নাটক শোনার জন্য সবাই গোল হয়ে বসতো যা আমাদের সংস্কৃতির সঙ্গে জড়িয়ে পড়েছিল। বেতারের প্রতি সরকারের উদাসীনতার কারণেই আজ এটি টিকে আছে জরাজীর্ণভাবে। ঈদকে সামনে রেখে বেতারও আয়োজন করছে বিশেষ অনুষ্ঠানমালার। তবে ন্যূনতম বাজেট থাকায় কর্তৃপক্ষ কি ধরনের অনুষ্ঠান করবে তা নিয়ে শঙ্কিত।

ফেরদৌস হাসানের এনটিভি'র টেলিফিল্ম অনুর বিকালে অপি ও মাহফুজ

টিভি চ্যানেল : ঈদকে সামনে রেখে প্রাইভেট চ্যানেলগুলোর অনুষ্ঠানমালার আয়োজন চূড়ান্ত। তবে বিটিভিতে চলছে এখনও তদবিরের দৌরাত্ম।

ঈদুল ফিতর উপলক্ষ্যে চ্যানেল আই আয়োজন করেছে ৬ দিনব্যাপী অনুষ্ঠানমালার। এসব অনুষ্ঠানের মধ্যে রয়েছে উল্লেখযোগ কবি কাজী নজরুল ইসলামের অমর প্রেমের ছোট গল্প অবলম্বনে নির্মিত ছবি 'মেহের নেগার'-এর ওয়ার্ল্ড প্রিমিয়ার। এছাড়াও থাকছে আরো দুটি ছবি, ১৭টি নাটক, ৮টি টেলিফিল্ম, এক ডজনেরও বেশি গানের অনুষ্ঠান, ৫টি ম্যাগাজিনসহ নানা আয়োজন।

ঈদের আগের দিন রাত ৯টা ৩৫ মিনিটে দেখানো হবে রেজানুর রহমান রচিত এবং পরিচালিত নাটক 'হরবোলা'। ঈদের আগের দিন, ঈদের দিন এবং পরের দিন রাত ১২টা ৩০ মিনিটে এবং সকাল ৯টা ৪৫মিনিটে দেখানো হবে ঈদ স্পেশাল 'তৃতীয় মাত্রা'।

ঈদের দিন দুপুর ২টা ৩০ মিনিটে দেখানো হবে গুলজার ও মৌসুমী পরিচালিত ছবি 'মেহের নেগার'। সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে দেখানো হবে হুমায়ূন আহমেদের খন্ড নাটক 'রূপালী রাত্রি'। ঈদের পরের দিন দুপুর ২টা ৩০ মিনিটে দেখানো হবে ইমদাদুল হক মিলনের রচনা এবং নাদের চৌধুরীর পরিচালনায় টেলিফিল্ম 'পলাশ ফুলের নোলক'।

রাত ৯টা ৩৫ মিনিটে দেখানো হবে জিল্লুর রহমানের উপস্থাপনা ও পরিচালনায় ম্যাগাজিন 'ভালোবাসার বাংলাদেশ'। ঈদের তৃতীয় দিন দুপুর ২টা ৩০ মিনিটে দেখানো হবে সোহরাব হোসেনের রচনা ও পরিচালিত টেলিফিল্ম 'ধ্যাত্‌তারিকা'। সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে আনিসুল হকের রচনা এবং মোস্তফা সরোয়ার ফারুকী পরিচালিত নাটক 'নিখোঁজ সংবাদ'। ঈদের চতুর্থ দিন সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে দেখানো হবে ফেরদৌস হাসানের রচনা ও পরিচালনায় নাটক 'পিপাসা'। রাত ৯টা ৩৫ মিনিটে দেখানো হবে তারানা হালিমের রচনা ও পরিচালনায় নাটক 'মেকআপ রুম'।

ঈদের পঞ্চম দিন দুপুর ২টা ৩০ মিনিটে দেখানো হবে আবুল হায়াতের রচনা ও পরিচালনায় টেলিফিল্ম 'নিমরাজী'। রাত ৯টা ৩৫ মিনিটে দেখানো হবে আবদুল্লাহ আল মামুনের রচনা ও পরিচালনায় নাটক 'যার যার ভূমিকা'। ঈদের ৬ষ্ঠ দিন রাত ৯টা ৩৫ মিনিটে দেখানো হবে ইফতেখার মুনিমের রচনা এবং রবিন খানের পরিচালনায় নাটক 'আই পরিবার'।

এনটিভির ঈদ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের মধ্যে রয়েছে ঈদের দিন রাত ১২টা ১০ মিনিটে পান্থ শাহরিয়ারের রচনা

এবং আরিফ খানের পরিচালনায় নাটক 'ভুশ'। রাত ৯টা ৪০ মিনিটে তানভীর খানের প্রযোজনায় রুনা লায়লার একক গজল 'গীতি মধুময়'। পারভেজ চৌধুরীর প্রযোজনায় জাপানী শিল্পীদের সঙ্গীত পরিবেশনায় এবং ইয়াসুর হারু সিনতুর উপস্থাপনায় 'সূর্য উদয়ের দেশের গুরু' অনুষ্ঠানটি দেখানো হবে ঈদের পরের দিন দুপুর ১টা ২৫ মিনিটে। এছাড়াও তার প্রযোজনায় 'এক্কা দুক্কা' দেখানো হবে এই দিন সকাল ৯টায়। সকাল ১০টা ৫ মিনিটে দেখানো হবে মোস্তফা জামান রায়হানীর প্রযোজনায় 'জাদু শো'। ঈদের দ্বিতীয় দিন রাত ৮টা ২০ মিনিটে দেখানো হবে শাহরুখ শহীদের গল্প ও গিয়াস উদ্দিন সেলিমের নাট্যরূপ ও পরিচালনায় নাটক 'কাজল'। রাত ৯টা ৪০ মিনিটে দেখানো হবে আরিফ খানের পরিচালনায় সঙ্গীতানুষ্ঠান 'গানে গানে দুজনায়'। তৃতীয় দিন দুপুর ২টা ৩০ মিনিটে দেখানো হবে ইমদাদুল হক মিলনের রচনা এবং নাসির উদ্দিন ইউসুফের পরিচালনায় টেলিফিল্ম 'আপন ছায়া'। রাত ৮টা ২০ মিনিটে দেখানো হবে শাহরুখ শহীদের গল্প ও অনিকেত-এর নাট্যরূপে এবং তাহের শিপনের পরিচালনায় 'রিমঝিম'। চতুর্থ দিন রাত ৮টা ২০ মিনেটে দেখানো হবে শাহরুখ শহীদের রচনা এবং সোহরাব দোদুলের পরিচালনায় নাটক 'কঙ্কাবতী'।

রাত ৯টা ৪০ মিনিটে দেখানো হবে আলমগীর হোসেনের প্রযোজনায় সৈয়দ আব্দুল হাদীর একক সঙ্গীতানুষ্ঠান 'জোনাকীর আলো'। পঞ্চম দিন রাত ৮টা ২০ মিনিটে দেখানো হবে 'প্রার্থী অবিবাহিত'। এটি রচনা ও পরিচালনা করেছেন এজাজ মুন্না। দীপু মাহমুদের প্রযোজনায় সুবীর নন্দীর একক সঙ্গীতানুষ্ঠান 'আমার এ দুচোখ' দেখানো হবে রাত ৯টা ৪০ মিনিটে।

এটিএন বাংলার এ দিনের আয়োজনের মধ্যে রয়েছে ঈদের আগের দিন সন্ধ্যা ৭টা ৫০ মিনিটে মঈন খান রূপীর পরিচালনায় নাটক 'গোপাল ভাঁড়ের বাটি চালান'। রাত ৯টায় দেখানো হবে আনিসুল হকের রচনা এবং জেডএইচ হেলালের পরিচালনায় নাটক 'চাঁদ রাত'।

ঈদের দিন দুপুর ২টা ৪০ মিনিটে প্রিমিয়ার শো 'টকঝাল মিষ্টি'র। ছবিটি পরিচালনা করেছেন দেবাশীষ বিশ্বাস। সন্ধ্যা ৬টা ২০ মিনিটে দেখানো হবে ফাহমিতা ওয়াদুদ চৈতীর পরিচালনায় 'আমরা করব জয়'।

দ্বিতীয় দিন দুপুর ১টা ১০ মিনিটে দেখানো হবে জাহিদ হাসানের পরিচালনায় টেলিফিল্ম 'বুমেরাং'। বিকাল ৪টা ১০ মিনিটে দেখানো হবে আমজাদ হোসেনের 'কাল সকালে'র প্রিমিয়ার। তৃতীয় দিন দুপুর ১২টা ৩০ মিনিটে দেখানো হবে চাষী নজরুল ইসলামের পরিচালনায় 'হাসন রাজা'। সন্ধ্যা



ঈদ আয়োজনের মধ্যে রয়েছে ম্যাগাজিন ইত্যাদি, অডিও অ্যালবাম নীল প্রজাপতি, বাংলা ছবি বাঁধা, অডিও অ্যালবাম মাটি এবং টেলিফিল্ম বিবর্ণ নীলে

ঈদে বিটিভিতে দেখানো হবে চয়নিকা চৌধুরী রচিত ও পরিচালিত নাটক বৃষ্টির পরে, নাটকের একটি দৃশ্যে অপি, নোবেল ও মোনালিসা

৭টা ৫০ মিনিটে ফেরদৌস হাসানের রচনা ও পরিচালনায় নাটক 'উত্তর দক্ষিণ'। চতুর্থ দিন বিকাল ৪টা ১০ মিনিটে সাইফুল ইসলাম মান্নুর রচনা ও পরিচালনায় টেলিফিল্ম 'খুনসুটি'।

পঞ্চম দিন রাত ৯টায় দেখানো হবে প্রণব ভট্টর রচনা এবং সুরজিৎ ধরের পরিচালনায় নাটক 'কতদিন পর এলে'। রাত ১০টা ৩০ মিনিটে সঙ্গীতানুষ্ঠান 'ঈদ আনন্দ গানে'। এটি পরিচালনা করেছেন জাহিদ করিম।

অডিও : অডিও বাজারে ইতিমধ্যেই ঈদের অ্যালবাম আসতে শুরু করেছে। জি সিরিজের ব্যানারে বাজারে এসেছে সুমনের 'মেঘর দেশে', আইকনস্-এর 'ঈশ্বরণীয়', স্টেন টোরিয়ানের 'প্রতি মুহূর্তে' আর্টসেলের 'অনিকেত প্রান্তর জাতিস্বর, ব্রীচ-এর 'ব্রীচ', মেঘদলের 'মেঘদল', আহসানের 'কৃতদাসের নিবার্সন'

সাউন্ডটেক বাজারে আনছে শিল্পী আসিফের একক অ্যালবাম 'বাঁচবো না', আইয়ুব বাচ্চু ও জেমসের ডুয়েট 'দিল'সহ ৩০টির মতো অডিও অ্যালবাম। সঙ্গীতা আইয়ুব বাচ্চু ও জেমসের অ্যালবামসহ ঈদকে সামনে রেখে বাজারে ছাড়ছে ৩০-এর ওপরে অ্যালবাম। যার মধ্যে রয়েছে আইয়ূরব বাচ্চু ও জেমসের ডুয়েট অ্যালবাম দোস্ত-দুশমন, সাজুর বড় কষ্টে আছি বন্ধু প্রভৃতি। লেজারভিশন এনেছে ডাক্তার ইকবালের 'নীল প্রজাপতি' এবং শামীম ও পঞ্চমের 'ফেরা'। সোনালী প্রোডাক্ট এনেছে জেমস ও আইয়ুব বাচ্চুর 'মাটি'সহ বেশ কয়েকটি অ্যালবাম। এছাড়াও অন্যান্য ছোট বড় অডিও প্রতিষ্ঠান বাজারে ছাড়ছে অডিও অ্যালবাম। এটিএন মিউজিক বাজারে ছেড়েছে ইভা রহমানের 'মন মানে না, সুবীর নন্দী ও ইন্দ্রানী সেনের 'প্রেমের সাঁকো' প্রভৃতি।

চলচ্চিত্র : এবারে ঈদকে সামনে রেখে চলচ্চিত্রের সংখ্যা কম। তবে এটিএন বাংলা ও চ্যানেল আই প্রিমিয়ার করছে দুটি ছবি। চ্যানেল আই প্রিমিয়ার করছে মৌসুমী ও গুলজার পরিচালিত ছবি 'মেহের নেগার'। এটিএন বাংলায় দেখানো হবে দেবাশীষ বিশ্বাস পরিচালিত 'টক ঝাল মিষ্টি'। সিনেমা হলগুলোতে যেসব ছবি মুক্তি পাচ্ছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো উত্তম আকাশ পরিচালিত 'মমতাজ'। এছাড়াও অন্যান্য ছবির মধ্যে রয়েছে, 'ছোট্ট একটু ভালোবাসা' ইস্পাহানী আরিফের পরিচালনায় সন্ত্রাসী মুন্না, শাহীন সুমন পরিচালিত 'বাঁধা', 'টাকা', 'গোলাপজান' প্রভৃতি।

রুহুল তাপস